

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪(মতামত-৩).১৮-৬৩১

তারিখঃ ১৬ অগ্রহায়ণ ১৪২৬
০১ ডিসেম্বর ২০১৯

বিষয়ঃ সহকারী জজ আদালত, রংপুর এর দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-৫২/২০০৫, আপীল মোকদ্দমা নং-১৬/২০০৯, ছানী মোকদ্দমা নং-০২/১৪ ও ০৩/১৪ মামলার রায়ের আলোকে রংপুর জেলার সদর উপজেলাধীন বায়তুল মোকররম দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মোছাম্মৎ রুনা বেগমকে যোগদানসহ এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা প্রদান।

সূত্র: (১) DME কর্তৃক এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৯-৩০৯ তারিখ: ০২.১০.১৯ খ্রি।
(২) TMED কর্তৃক এর স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪(মতামত-৩).১৮-৫৫০ তারিখ: ৩০.১০.১৯ খ্রি।
(৩) DME কর্তৃক এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৯-৩৬৬ তারিখ: ১৯.১১.১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ে সূত্র (১) এ বর্ণিত পত্রের পরিপ্রেক্ষিতে সূত্র (২) এ বর্ণিত স্মারকমূলে জানানো হয় যে, সহকারী জজ আদালত, রংপুর -এ দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-৫২/০৫, আপীল মোকদ্দমা নং-১৬/০৯, ছানী মোকদ্দমা নং-০২/১৪ ও ০৩/১৪ মামলার রায়ের আলোকে রংপুর জেলার সদর উপজেলাধীন বায়তুল মোকররম দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মোছাম্মৎ রুনা বেগমের যোগদানসহ এমপিওভুক্তির বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত শিম/শা:২৪/বিবিধ-২-৮/২০০৮(অংশ)/২৭৪/১(২৭) সংখ্যক পত্র (তারিখ ০৯.০৯.১৫ খ্রি:) মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কর্মপরিধির ১৫ অনুচ্ছেদ অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণক্রমে গৃহীত ব্যবস্থার তথ্যাদি ২১.১১.১৯ তারিখের মধ্যে টিএমইডিতে প্রেরণের জন্য মহোদয়কে অনুরোধ করা হয়।

০২। তদপ্রেক্ষিতে টিএমইডির নির্দেশনা বাস্তবায়ন না করে মহোদয় কর্তৃক সূত্র (৩) মূলে জানানো হয় যে-

ক. কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মোছাম্মৎ রুনা বেগমকে যোগদানসহ এমপিওভুক্তকরণ বিষয়ে সরাসরি নির্দেশনা না দিয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক শিম/শা:২৪/বিবিধ-২-৮/২০০৮(অংশ)/২৭৪/১(২৭) সংখ্যক পত্র (তারিখ ০৯.০৯.১৫ খ্রি:) মূলে জারিকৃত মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কর্মপরিধির ১৫ অনুচ্ছেদ অনুযায়ী প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা নিতে নির্দেশনা দেয়ায় এবং ১৫ অনুচ্ছেদে এমপিওভুক্তকরণের বিষয়ে নির্দেশনা না থাকায় বর্ণিত শিক্ষককে যোগদানসহ এমপিওভুক্ত করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করা যাচ্ছে না।

খ. সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মোছাম্মৎ রুনা বেগমকে যোগদানসহ এমপিওভুক্তকরণ বিষয়ে TMED এর নির্দেশনা প্রয়োজন।

গ. সহকারী জজ আদালত রংপুর এর দেওয়ানী মোকদ্দমান নং-৫২/২০০৫, আপীল মোকদ্দমা নং-১৬/২০০৯, ছানী মোকদ্দমা নং-০২/১৪ ও ০৩/১৪ মামলার রায়ের আলোকে রংপুর জেলার সদর উপজেলাধীন বায়তুল মোকররম দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মোছাম্মৎ রুনা বেগমের যোগদানসহ এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য (টিএমইডি কর্তৃক প্রদত্ত নির্দেশনা বাস্তবায়ন না করে) সচিব, TMED বরাবর অনুরোধ করা হয়।

০৩। এখানে উল্লেখ্য যে, TMED কর্তৃক সূত্র (২) পত্রমূলে সহকারী জজ আদালত, রংপুর -এ দায়েরকৃত দেওয়ানী মোকদ্দমা নং-৫২/০৫, আপীল মোকদ্দমা নং-১৬/০৯, ছানী মোকদ্দমা নং-০২/১৪ ও ০৩/১৪ মামলার রায়ের আলোকে রংপুর জেলার সদর উপজেলাধীন বায়তুল মোকররম দাখিল মাদ্রাসার সহকারী শিক্ষক (সমাজ বিজ্ঞান) জনাব মোছাম্মৎ রুনা বেগমের যোগদানসহ এমপিওভুক্তির বিষয়ে শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক শিম/শা:২৪/বিবিধ-২-৮/২০০৮(অংশ)/২৭৪/১(২৭) তারিখ: ০৯.০৯.১৫ খ্রি: মূলে জারিকৃত মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কর্মপরিধি সংক্রান্ত পত্রের ১৫ অনুচ্ছেদের (সকল প্রকার মাদ্রাসার প্রশাসনিক তত্ত্বাবধান) মর্ম মতে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে টিএমইডিকে অবহিতের জন্য অনুরোধের প্রেক্ষিতে টিএমইডির উক্ত নির্দেশনাটি বাস্তবায়ন না করে মহোদয় কর্তৃক উল্টো টিএমইডির নিকট Query করা হয়েছে যা মোটেও সঠিক হয়নি।

০৪। উল্লিখিত বিষয়ে মহোদয়-কে পরবর্তী নির্দেশনা প্রদানের নিমিত্ত নিম্নোক্ত বিষয়ে তথ্য আবশ্যিক:

ক. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কর্মপরিধির ১৫ অনুচ্ছেদে বর্ণিত (সকল প্রকার মাদ্রাসার প্রশাসনিক তত্ত্বাবধান) মতে সকল প্রকার মাদ্রাসার প্রশাসনিক তত্ত্বাবধান বলতে কি বুঝায় ?

খ. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের কর্মপরিধির ১৫ অনুচ্ছেদে বর্ণিত মতে মাদরাসার কি কি বিষয় মাদ্রাসার প্রশাসনিক তত্ত্বাবধানের আওতাভুক্ত ?

গ. মোছাম্মৎ রুনা বেগম এর আবেদন সংশ্লিষ্ট কি কি বিষয় মাদরাসার প্রশাসনিক তত্ত্বাবধানের আওতায় পড়ে?

ঘ. মোছাম্মৎ রুনা বেগম এর আবেদন সংশ্লিষ্ট যে সকল বিষয় মাদরাসার প্রশাসনিক তত্ত্বাবধানের আওতায় পড়ে সে সকল বিষয়ে ডিজি, ডিএমই কর্তৃক কি কি পদক্ষেপ গৃহীত হয়েছে ? হয়ে থাকলে তা কি ? না হয়ে থাকলে এর কারণ কি ?

০৫। এমতাবস্থায়, উপরি-উক্ত (অনুচ্ছেদ ০৪ মতে) মতে চাহিত তথ্যাদি আগামী ০৯.১২.১৯ তারিখের মধ্যে জরুরীভাবে TMED তে (ইমেইল যোগে) প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে বিনীত অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-৩

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (এ আদেশটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৩। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অফিস কপি/মাস্টার কপি।